অরিখ ... ১৯।৭।৪ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

ইত্তেফাক

025

# ২৯শে সেপ্টেম্বর প্রাথমিক শিক্ষকদের দাবী দিবস

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির এক প্রেস বিজ্ঞপ্তিতে জানান হইয়াছে যে, সমিতির উদ্যোগে আগামী ২৯শে সেপ্টেম্বর দেশব্যাপী দাবী দিবস পালন করা হইবে। এই দিন ঢাকা জেলার প্রাথমিক শিক্ষকগণ দুপুর ১২টায় বায়তুল মোকাররমে জমায়েত হইয়া বাদ জুমা প্রেসিডেন্টের নিকট একটি স্মারকলিপি পেশ করিবেন। ইহাছাড়া দেশের সকল মহকুমা সদরে শিক্ষকগণ জমায়েত হইয়া মহকুমা প্রশাসকের মাধ্যমে প্রেসিডেন্টের নিকট অনুরূপ স্মারকলিপি প্রেরণ করিবেন।

মাদ্রাসা শিক্ষক সমিতির সভাপতি মাওলানা আবদুল মান্নান ও বেসরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ-সম্পাদক অধ্যাপক শরীফুল ইসলাম দাবী দিবসের সমাবেশে বক্তৃতা করিবেন।